



২২ নভেম্বর ২০২৪

কার্যনির্বাহী অষ্টম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ

সম্মাননীয়

শুভেচ্ছা জানবেন।

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অষ্টম কার্যনির্বাহী পরিষদের সভা ৩০ নভেম্বর ২০২৪ শুক্রবার সন্ধ্যা ৭-০০ টায় অন-লাইন (গুগলমিটে) অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি জামিল রায়হান। সভায় ২৪জন সদস্যের সক্রিয় উপস্থিতিতে দেশের পরিবর্তিত পরিস্থিতি নিয়ে বিস্তার আলোচনা হয়। এ আলোচনায় রাকিবুল সুজন, আপেল আবদুল্লাহ, জ্যোৎস্না লিপি, রবিউল ইসলাম, ইকবাল হোসেন, ব্রাইনির ইসলাম, ফাহিমদা পলি, আহসান কবির, তুহিন আব্বাসী, আজিজুর রহমান দীপু, মাহবুব আলম প্রমুখ অংশ নিয়ে বলেন : দেশের উদ্ভূত পরিস্থিতিতে দ্বিবার্ষিক সম্মেলন আয়োজন সম্ভব নয়। আমরা দ্বিবার্ষিক সম্মেলনের পরিবর্তে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগামী ৩ জানুয়ারি ২০২৫ সাধারণ সভা আয়োজনের প্রস্তাব করি। দীর্ঘ সময়ের আলোচনায় ০৩ জানুয়ারি ২০২৫ সাধারণ সভা আয়োজনের বিষয়ে প্রায় সকলেই একমত হন। এরপর তারিখ ও ভেনু-নির্ধারণ নিয়ে অ্যালামনাই সাধারণ সম্পাদকের দৃষ্টি আকর্ষণ করলে বিশ্ববিদ্যালয় টিএসসিসিতে সাধারণ সভা করা যেতে পারে মর্মে কথাবার্তা চলতে থাকে এবং এক-পর্যায়ে সকলেই একমত হন। অ্যালামনাই ট্রেজারার ব্রাইনির ইসলাম অব্যয়যোগ্য তহবিলের সর্বশেষ পরিস্থিতি তুলে ধরে বলেন- দেশের এই সংকটে এবিভ্যাংক থেকে প্রাইম ব্যাংক, রাজশাহী শাখায় স্থানান্তর আমানত স্থানান্তর করা হয়েছে। এর পরিমাণ এখন ২৬,৫০,০০০ (ছাব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। আমাদের আরও সদস্যসংখ্যা বাড়াতে হবে। অ্যালামনাইয়ের ওয়েবপেজ সংস্কার বিষয়ে রবিউল আলম মিঠু দায়িত্ব নেন। এ জন্য পঞ্চাশ হাজার টাকা বরাদ্দ করা হয়। এছাড়া আগামী সাধারণ সভার আগে পূর্বের সাধারণ সভায় পাসকৃত গঠনতন্ত্র মুদ্রণ করার ব্যাপারে সকলেই ঐক্যমত্য হন। আগামী ৩ জানুয়ারি ২০২৫ সম্মেলনের দিন সভাপতি, সাধারণ সম্পাদক ও ট্রেজারারের বক্তব্য এবং পাশাপাশি দিনের কর্মসূচি ব্রোশিয়ার হিসেবে প্রকাশের সিদ্ধান্ত হয়। আগামী সাধারণ সভায় মেধাবৃত্তি প্রদান করার প্রয়োজনীয়তার কথা সকলেই তুলে ধরেন। সেটি অনুমোদন হয়। এছাড়া ওইদিন পূর্বের ন্যায় সকালের ও বিকেলের নাস্তা ও দুপুরের খাবার সরবরাহ করার সিদ্ধান্ত হয়- প্রত্যেক সদস্যের নিকট আগামী ২৫ ডিসেম্বর ২০২৪র মধ্যে ২০০/- (দুইশত) টাকা মাহবুব আলম ও ইকবাল হোসেনের মোবাইলে দেবার সিদ্ধান্ত হয়। সভা শেষ করার আগে পূর্ণাঙ্গ সামারি টেনে সাধারণ সম্পাদক নিম্নোক্ত চৌম্বক সিদ্ধান্ত পাঠ করে শোনান :

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হলো

২। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের পঞ্চম দ্বিবার্ষিক সম্মেলনের তারিখ ৩ জানুয়ারি ২০২৫, শুক্রবার

স্থান : বিশ্ববিদ্যালয় টিএসসিসি অডিটোরিয়াম

৩। সাধারণ সভা উপলক্ষ্যে সকল সদস্যের ২০০ (দুই শত) টাকা চাঁদা ধরা হয়। শেষ তারিখ ২৫ ডিসেম্বর ২০২৪

৪। আপটুডেট গঠনতন্ত্রটি মুদ্রণ করা হবে ৮০০ কপি, সকলকে তা সাধারণ সভার দিন বিতরণ করা হবে।

৫। গঠনতন্ত্র অনুযায়ী বাংলা বিভাগের শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মেধাবৃত্তি প্রদান করা হবে।

বিবিধে কোনো আলোচনা না-থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন। ধন্যবাদ ও প্রীতিসহ-

সাধারণ সম্পাদক

বাংলা বিভাগ অ্যালামনাই

সভাপতি

বাংলা বিভাগ অ্যালামনাই